



নানা-নানির কবর জিয়ারতে প্রধানমন্ত্রী তারেক রহমান



ছবি: সংগৃহীত

দিনাজপুর সফর শেষে স্বজনদের কবর জিয়ারত করেছেন প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন তারেক রহমান। সোমবার (১৬ মার্চ) সন্ধ্যা সোয়া ৭টার দিকে দিনাজপুর পৌর শহরের শেখ ফরিদপুর মডেল কবরস্থানে তিনি পরিবারের প্রয়াত সদস্যদের কবর পরিদর্শন করেন।

এর আগে কাহারোল উপজেলার সাহাপাড়া এলাকায় খাল পুনঃখনন কর্মসূচির উদ্বোধন এবং জেলা বিএনপি আয়োজিত ইফতার অনুষ্ঠানে বক্তব্য দেন তিনি। অনুষ্ঠান শেষ করে ঢাকায় ফেরার পথে কবরস্থানে গিয়ে নানি বেগম তৈয়বা মজুমদার, নানা ইক্সান্দার মজুমদার, খালা প্রয়াত মন্ত্রী খুরশীদ জাহান হক (চকলেট আপা) এবং বেগম খালেদা জিয়ার খালাতো বোন মীমের কবর জিয়ারত করেন।

কবরস্থানে কিছু সময় নীরবে অবস্থান করে দোয়া ও মোনাজাতে অংশ নেন তিনি। এ সময় পরিবারের ঘনিষ্ঠ স্বজন, স্থানীয় বিএনপির নেতাকর্মী এবং প্রশাসনের কয়েকজন কর্মকর্তা উপস্থিত ছিলেন। মরহুমদের আত্মার মাগফিরাত কামনায় বিশেষ দোয়া করা হয়।